রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, ডিসেম্বর ১১, ২০০৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়
প্রশাসন শাখা-৬।

## প্রজ্ঞাপন

তারিখ, ২৬ অগ্রহায়ণ ১৪১৩/১০ ডিসেম্বর ২০০৬

**এস, আর, ও নং ৩১৫-আইন/২০০৬।**—The Town Improvement Act, 1953 (Act No. XIII of 1953) এর Section 102 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৪ এ নিম্নরূপ সংশোধন করিল, যথা ঃ—

উপরি-উক্ত প্রবিধানমালার তফসিলের কলাম (১) এ উল্লিখিত—

(ক) ক্রমিক নং ৩ এর বিপরীতে কলাম (৫) এ উল্লিখিত "উপ-পরিচালক (নগর পরিকল্পনা/স্থাপত্য) পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী।" বাক্য ও দাঁড়ির পরিবর্তে নিম্নরূপ বাক্য ও দাঁড়ি প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"উপ-পরিচালক (নগর পরিকল্পনা/স্থাপত্য) পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরীসহ নগর ও অঞ্চল পরিকল্পনা বিষয়ে স্নাতক বা স্নাতকোত্তর ডিগ্রী এবং নগর উন্নয়ন পরিকল্পনা (জোনাল প্ল্যান, ডিটেইলড এরিয়া প্ল্যান, লে-আউট প্ল্যান ইত্যাদি) প্রণয়নে পারদর্শীতা ও বাস্তবায়নে দক্ষতা থাকিতে হইবে।";

(খ) ক্রমিক নং ৪ এর বিপরীতে কলাম (৫) এ উল্লিখিত "উপ-পরিচালক (নগর পরিকল্পনা/স্ট্রাটেজিক প্ল্যানিং/জিআইএস/ইকোনোমিক এনালাইসিস/রিসার্চ এন্ড ডকুমেন্টেশন)/নির্বাহী প্রকৌশলী (ট্রান্সপোর্টেশন এন্ড ওয়াটার রিসোর্স প্ল্যানিং/


মূল্য ঃ টাকা ২.০০

ইউটিলিটি প্ল্যানিং) পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী।" বাক্য ও দাঁড়ির পরিবর্তে নিম্নরূপ বাক্য ও দাঁড়ি প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"উপ-পরিচালক (নগর পরিকল্পনা/স্ট্রাটেজিক প্ল্যানিং/জিআইএস/ইকোনোমিক এনালাইসিস/রিসার্চ এন্ড ডকুমেন্টেশন)/নির্বাহী প্রকৌশলী (ট্রান্সপোর্টেশন এন্ড ওয়াটার রিসোর্স প্ল্যানিং/ ইউটিলিটি প্ল্যানিং) পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরীসহ নগর ও অঞ্চল পরিকল্পনা বিষয়ে স্নাতক বা স্নাতকোত্তর ডিগ্রী।";

(গ) ক্রমিক নং ৫ এর বিপরীতে কলাম (৫) এ উল্লিখিত "উপ-পরিচালক (নগর পরিকল্পনা/স্ট্রাটেজিক প্ল্যানিং/জিআইএস/স্থাপত্য/এমআইএস)/নির্বাহী প্রকৌশলী (সিভিল/ট্রান্সপোর্টেশন এন্ড ওয়াটার রিসোর্সেস প্ল্যানিং/ইউটিলিটি প্ল্যানিং) পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী।" বাক্য ও দাঁড়ির পরিবর্তে নিম্নরূপ বাক্য ও দাঁড়ি প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"উপ-পরিচালক (নগর পরিকল্পনা/স্ট্রাটেজিক প্ল্যানিং/জিআইএস/স্থাপত্য/ এমআইএস)/নির্বাহী প্রকৌশলী (সিভিল/ট্রান্সপোর্টেশন এন্ড ওয়াটার রিসোর্সেস প্ল্যানিং/ইউটিলিটি প্ল্যানিং) পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরীসহ নগর ও অঞ্চল পরিকল্পনা বিষয়ে স্নাতক বা স্নাতকোত্তর ডিগ্রী।";

(ঘ) ক্রমিক নং ১১ এর বিপরীতে কলাম (৫) এ উল্লিখিত "সহকারী অথরাইজড অফিসার/ সহকারী পরিচালক (নগর পরিকল্পনা/স্থাপত্য)/সহকারী প্রকৌশলী (সিভিল) পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরীসহ প্রথম শ্রেণীর পদে ৭ (সাত) বৎসরের চাকুরী।" বাক্য ও দাঁড়ির পরিবর্তে নিম্নরূপ বাক্য ও দাঁড়ি প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"সহকারী অথরাইজড অফিসার/সহকারী পরিচালক (নগর পরিকল্পনা/স্থাপত্য)/ সহকারী প্রকৌশলী (সিভিল/বৈদ্যুতিক/যান্ত্রিক/ট্রান্সপোর্টেশন এন্ড ওয়াটার রিসোর্সেস প্ল্যানিং/ইউটিলিটি প্ল্যানিং) পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকুরী।";

(ঙ) ক্রমিক নং ১২ এর বিপরীতে কলাম (৫) এ উল্লিখিত "সহকারী সচিব/সহকারী পরিচালক (এস্টেট/ভূমি/ভূমি ব্যবহার/রিসার্চ এন্ড ডকুমেন্টেশন) পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকুরী।" বাক্য ও দাঁড়ির পরিবর্তে নিম্নরূপ বাক্য ও দাঁড়ি প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"সহকারী সচিব/সহকারী পরিচালক (এস্টেট/ভূমি/ভূমি ব্যবহার/রিসার্চ এন্ড ডকুমেন্টেশন/জি, আই, এস) পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকুরী।";

(চ) ক্রমিক নং ১৩ এর বিপরীতে কলাম (৫) এ উল্লিখিত "সহকারী সচিব/সহকারী পরিচালক (ভূমি/এস্টেট) পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকুরী।" বাক্য ও দাঁড়ির পরিবর্তে নিম্নরূপ বাক্য ও দাঁড়ি প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"সহকারী সচিব/সহকারী পরিচালক (এস্টেট/ভূমি/ভূমি ব্যবহার/রিসার্চ এন্ড ডকুমেন্টেশন/জি, আই, এস) পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকুরী।";

(ছ) ক্রমিক নং ১৯ এর বিপরীতে কলাম (৫) এ উল্লিখিত "সহকারী পরিচালক (নগর পরিকল্পনা/স্ট্রাটেজিক প্ল্যানিং/জি, আই, এস/ভূমি ব্যবহার/গবেষণা ও ডকুমেন্টেশন) পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকুরী।" বাক্য ও দাঁড়ির পরিবর্তে নিম্নরূপ বাক্য ও দাঁড়ি প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"সহকারী পরিচালক (নগর পরিকল্পনা/স্ট্রাটেজিক প্ল্যানিং/জি, আই, এস/ভূমি ব্যবহার/গবেষণা ও ডকুমেন্টেশন) পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকুরীসহ নগর ও অঞ্চল পরিকল্পনা বিষয়ে স্নাতক বা স্নাতকোত্তর ডিগ্রী।";

(জ) ক্রমিক নং ২০ এর বিপরীতে কলাম (৫) এ উল্লিখিত "সহকারী পরিচালক (নগর পরিকল্পনা/স্ট্রাটেজিক প্ল্যানিং/জি, আই, এস/গবেষণা ও ডকুমেন্টেশন/ভূমি ব্যবহার) পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকুরী।" বাক্য ও দাঁড়ির পরিবর্তে নিম্নরূপ বাক্য ও দাঁড়ি প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"সহকারী পরিচালক (নগর পরিকল্পনা/স্ট্রাটেজিক প্ল্যানিং/জি, আই, এস/গবেষণা ও ডকুমেন্টেশন/ভূমি ব্যবহার) পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকুরীসহ নগর ও অঞ্চল পরিকল্পনা বিষয়ে স্নাতক বা স্নাতকোত্তর ডিগ্রী।";

(ঝ) ক্রমিক নং ২৩ এর বিপরীতে কলাম (৫) এ উল্লিখিত "সহকারী পরিচালক (প্রোগ্রামিং) পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকুরী।" বাক্য ও দাঁড়ির পরিবর্তে নিম্নরূপ বাক্য ও দাঁড়ি প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"সহকারী পরিচালক (প্রোগ্রামিং/রিসার্চ এন্ড ডকুমেন্টেশন) পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকুরী।"

(ঞ) ক্রমিক নং ৩৬ এর বিপরীতে কলাম (৫) এ উল্লিখিত দফা (ক) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ক) প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে নগর ও অঞ্চল পরিকল্পনা বিষয়ে স্নাতক বা স্নাতকোত্তর ডিগ্রী"

রাষ্ট্রপতির আদেশক্রমে

**বিকাশ চন্দ্র সিকদার**
সিনিয়র সহকারী সচিব।

এ, কে, এম রফিকুল ইসলাম (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।